



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি তিতুমীর কলেজ, ঢাকা।
www.titumircollege.gov.bd
titumircollegemail@gmail.com



তারিখ: ২৩/১০/২০২৩খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (বিশেষ) ভর্তির বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে সরকারি তিতুমীর কলেজের বিভিন্ন বিভাগে ২০২১-২০২২ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষ পর্ব (বিশেষ) ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগামী ২৩/১১/২০২৩খ্রি. পর্যন্ত নিম্নোক্ত অনলাইন প্রক্রিয়া অনুসরণ করে ভর্তি সম্পন্ন করতে পারবে।

নং	বিষয় সমূহ	সেমিনার ফি	টাকার পরিমাণ	মোট টাকার পরিমাণ
০১	বাংলা, দর্শন ও সমাজকর্ম	৪০০.০০	৪৩৫০.০০	৪৭৫০.০০
০২	ইংরেজী, ইতিহাস, ইস:ইতিহাস, ইসলামীশিক্ষা, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি, ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, ফিন্যান্স, মার্কেটিং।	৪০০.০০	৪৩০০.০০	৪৭০০.০০
০৩	পদার্থবিদ্যা, প্রাণিবিদ্যা, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, গণিত	৫৫০.০০	৪৪০০.০০	৪৯৫০.০০

বিদ্র: প্রত্যেক বিষয়ের সাথে নন-ড্রেন্ডিট ICT কোর্স নেয়া যাবে সেক্ষেত্রে অতিরিক্ত ২৮০০/- টাকা সরাসরি আইসিটি বিভাগে জমা দিতে হবে।

মাস্টার্স শেষ পর্ব (বিশেষ) ভর্তির প্রয়োজনীয় শর্তাবলী:-

- অনার্স ২০১৬-২০১৭ বা তার পূর্বের শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা যারা ২০২১ সনের অনার্স ৪র্থ বর্ষ (বিশেষ) পরীক্ষায় অথবা ২০১৯ ও ২০২০ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় সিজিপিএ পেয়ে সরকারি তিতুমীর কলেজ থেকে উত্তীর্ণ হয়েছে এমন শিক্ষার্থী।

আবেদন ফরমের সাথে নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে-

- সরকারি তিতুমীর কলেজের ওয়েবসাইটে পূরণকৃত ভর্তির আবেদন ফরম।
- অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা পাসের নম্বরপত্র/সার্টিফিকেট, প্রশংসাপত্র ও চারিত্রিক সনদের ফটোকপি।

অনলাইনে ভর্তির আবেদন ফরম ও ফি জমা প্রদানের প্রক্রিয়া:-

- সরকারি তিতুমীর কলেজের ওয়েবসাইট <https://www.titumircollege.gov.bd/> এ প্রবেশ করে EMS থেকে Masters Final অপশনের Admission থেকে Apply Now ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে ভর্তির আবেদন ফরম পূরণ করে প্রিন্ট করতে হবে।
- আবেদনপত্রের প্রিন্ট কপি ও প্রয়োজনীয় কাগজপত্র স্ব স্ব বিভাগে জমা দিয়ে ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট বিভাগ আবেদন ফরমে স্বাক্ষর ও সীল প্রদান করে শিক্ষার্থীকে ফেরত দিবে।
- শিক্ষার্থী পুনরায় ওয়েবসাইটে প্রবেশ করে Masters Final অপশনের Admission থেকে Apply Now ক্লিক করে মোবাইল ব্যাংকিং/বিকাশ/রকেট/নগদ/উপায়/সোনালী সেবা পছন্দ করে পেমেন্ট সম্পন্ন করবে এবং টাকা জমা দেয়ার অনলাইন কপি সংরক্ষণ করবে।
- শিক্ষার্থী নিজ মোবাইলে ক্লাস রোল, আইডি ও পাসওয়ার্ড পাবে। ক্লাস রোল ভর্তি ফরমের নিদিষ্ট ঘরে হাতে লিখবে এবং স্ব স্ব বিভাগে ও কলেজের শেখ কামাল প্রশাসনিক ভবনের দোতলায় হিসাব শাখায় ১কপি ফরম জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে।

যে সকল শিক্ষার্থী তিতুমীর কলেজ ব্যতিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সাত কলেজ থেকে স্নাতক ৪র্থ বর্ষ সম্পন্ন করেছে তাদের নিজ কলেজে সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স শেষ পর্ব কোর্স না থাকলে অত্র কলেজে ভর্তি হতে পারবে। সেক্ষেত্রে অনার্স পঠিত কলেজের অধ্যক্ষ/বিভাগীয় প্রধানের সম্মতিপত্র জমা দিতে হবে।

23.10.2023
অধ্যক্ষ

সরকারি তিতুমীর কলেজ, ঢাকা।

অধ্যক্ষ
সরকারি তিতুমীর কলেজ, ঢাকা।

বিতরণ:

১. উপাধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ;
২. সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি তিতুমীর কলেজ;
৩. সকল বিভাগীয় প্রধান, সরকারি তিতুমীর কলেজ;
৪. আহ্বায়ক, ডিজিটাল ও অটোমেশন কমিটি, সরকারি তিতুমীর কলেজ;
৫. নোটিশ বোর্ড, সরকারি তিতুমীর কলেজ;
৬. প্রধান সহকারী/হিসাবরক্ষক/ক্যাশিয়ার, সরকারি তিতুমীর কলেজ;
৭. সংরক্ষিত নথি।